Virtual Schools

মার্চ 2021

Toronto District School Board

টিডিএসবি এলিমেন্টারি ভার্চুয়াল স্কুল ফ্যামিলি নিউজলেটার (School Family Newsletter)

ভার্চুয়াল স্কুল পত্রিকার মার্চ 2021 এর সংখ্যায় স্বাগতম। আমরা আশা করছি যে আপনি এই মাসিক প্রকাশনাটি ভার্চুয়াল স্কুলে কী ঘটছে তাই নয় বরং সারা টিডিএসবি (TDSB) জুড়ে কি ঘটছে সে সম্পর্কে আপনার অবগত থাকার ব্যাপারে সাহায্য করার জন্য তথ্য ও হালনাগাদসমূহের উতকৃষ্ট একটি উৎস হিসেবে পাচ্ছেন।

আপনি জানেন, যে শিক্ষা মন্ত্রণালয় বা মিনিস্ট্রি অব এডুকেশন মার্চের ছুটি বা মার্চ ব্রেক বিলম্বিত করেছেন, সেইজন্য আমরা এখন 12 থেকে 16 এপ্রিলে আসন্ন ছুটির জন্য অধীরভাবে অপেক্ষা করছি। আমরা আশা করছি যে সমস্ত শিক্ষার্থীগণ এবং পরিবারগণ কিছু অবসর সময় উপভোগ করবেন, কারণ সবার জন্যই এই বছরটি একটি ব্যস্ত এবং সমস্যাবহুল বছর ছিল।

আরও তথ্য ও হালনাগাদসমূহের জন্য, অনুগ্রহ করে www.tdsb.on.ca/virtualschool এ যান এবং ট্যুইটার বা Twitter@tdsbvs এ অনুসরণ করুন।

কোভিড বর্ষপূর্তির সময়ে মানসিক স্বাস্থ্য এবং কল্যাণ সংক্রান্ত সহায়তা

মার্চ 11এর সপ্তাহটি কোভিড-19 এর এক বছর পূর্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে, এমন একটি অতিমারী যা আমাদের জীবন চিরকালের জন্য বদলে দিয়েছে। এটি একটি সমস্যাবহুল বছর ছিল এবং আমরা ব্যাপক অনিশ্চয়তা এবং অস্বাভাবিক পরিবর্তনসমূহের মুখোমুখি হয়েছি। অতিমারীটি সামাজিক অন্যায্যতসমূহের দিকে দৃষ্টি আকর্ষণ করে, যার ফলে নিপীড়িন-বিরোধী গুরুত্বপূর্ণ কথোপকথনসমূহ অগ্রসর হয়েছে। যদিও আমরা অতিমারীটির ধকল এবং গুরুভার স্বীকার করি, তার সাথে সাথে আমরা আমাদের শক্তিসমূহ, সমাজ নির্মান এবং অধ্যাবসায়কেও স্বীকৃতি প্রদান করি।

স্কুল সম্বন্ধীয় সমস্ত পরিবর্তনসমূহ ও সমস্যাসমূহ যা আমাদের সন্তানদের ভোগ করতে হয়েছে তার ফলে আমাদের কিভাবে আমরা স্বাভাবিক অবস্থায় ফিরে আসার চেষ্টা, সমবেদনা এবং একে অন্যের ও আমাদের নিজেদের যত্ন করার মধ্য দিয়ে এই সময়সমূহ সহ্য করেছি তা বিবেচনা করার সুযোগ দেয়।

শিক্ষা বিষয়ক অধিকর্তা এবং সহ অধিকর্তাগণের সম্পূর্ণ বার্তা পড়ুন।

অনুস্মারক: মার্চ ব্রেক বা মার্চ মাসের ছুটির তারিখসমূহের পরিবর্তন

শিক্ষা মন্ত্রণালয় মার্চ ব্রেক বা মার্চ মাসের ছুটি বিলম্বিত করেছেন। ব্রেক বা ছুটিটির সময় এখন **12 - 16 এপ্রিল, 2021** তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

অধিকর্তার বার্ষিক প্রতিবেদন

অধিকর্তার বার্ষিক প্রতিবেদন 2020 তুলে ধরে গত বছরে টিডিএসবি -তে সম্পন্ন হওয়া সমস্ত গুরুত্বপূর্ণ কাজ এবং বহু-বার্ষিক কৌশলগত পরিকল্পনার অগ্রগতি। প্রতিবেদনটি অনলাইনে পড়ুন।

নতুন বহিরঙ্গন শিক্ষণ সংক্রান্ত ওয়েবসাইট (New Outdoor Learning Website)

নিরাপদে বাইরে ঘোরা অন্য সময়ের থেকে এখন অনেক বেশী গুরুত্বপূর্ণ। টিডিএসবি শিক্ষার্থীগণ, পরিবারবর্গ ও কর্মচারীগণকে নিরাপদে এবং শিক্ষামূলকভাবে বহিরঙ্গনকে পাওয়ার জন্য সাহায্য করতে একটি নূতন বহিরঙ্গন শিক্ষণ সংক্রান্ত ওয়েবসাইটচালু করেছে। নূতন সাইটটি আজকেই অনুসন্ধান করুন!

টিডিএসবির কথোপকথন সংক্রান্ত ধারাবাহিক বা সিরিজসমূহ (TDSB Conversation Series)

আমরা শুনেছি যে আপনারা আরো জানতে ইচ্ছুক, এমন বিষয়সমূহের ওপর মনোগ্রাহী এবং তথ্যসম্বলিত ধারাবাহিক কথোপথনসমূহে আমাদের সাথে যোগদান করার জন্য আমন্ত্রন করা হচ্ছে। অগ্রগন্য বিশেষজ্ঞগণের বক্তব্য শুনুন এবং অনলাইন প্রশ্ন-উত্তর অধিবেশনসমূহে অংশগ্রহন করুন।

আসন্ন অধিবেশনসমূহের তারিখ এবং তথ্যসমূহ।

টরন্টো জনস্বাস্থ্য বা টরন্টো পাবলিক হেলথ (টিপিএইচ - TPH) এর টিকা সম্বন্ধে সাম্প্রতিকতম তথ্য (Toronto Public Health (TPH) Vaccine Update)

টরন্টো শহরেজুড়ে টিকাদান কর্মসূচি চলছে, অনুগ্রহ করে আরো জানার জন্য টিপিএইচ ওয়েবসাইটটিতে যান।

মানবাধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন (Human Rights Annual Report)

সম্প্রতি টিডিএসবি তাদের সর্ব-প্রথম মানবাধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনটি প্রকাশ করেছে। প্রতিবেদনটি পড়ার জন্য, কোনও ঘটনা সম্পর্কে অবহিত করার জন্য, বিধিসমূহ ও কার্যপ্রণালীসমূহ সম্বন্ধে জানার জন্য এবং প্রশ্ন-উত্তরসমূহ পড়ার জন্য, মানবাধিকার ওয়েবসাইটটিতে যান।

টিডিএসবির গ্রীক ঐতিহ্য মাস উদযাপন (TDSB Celebrates Greek Heritage Month)

টোরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে মার্চ হল গ্রীক ঐতিহ্যের মাস। এটি কানাডায় গ্রীক কানাডীয়দের বিবিধ কৃতিত্ব ও অবদানসমূহকে স্বীকৃতি প্রদান এবং তা উদযাপন করার একটি সুযোগ, এবং গ্রীক সংস্কৃতির ইতিহাস চিহ্নিত করা এবং উপভোগ করার একটি উপলক্ষ্য।আরো জানুন।

এ বছরের বিষয়টি হলঃ
1821-2021
স্বাধীনতা এবং ঐক্য (Freedom and Unity) - Ελευθερία και Ενότητα
আমাদের মূল থেকে শিক্ষাগ্রহণ করা...আমাদের ভবিষ্যৎকে রূপদান করা

৪ম শ্রেণীর কোর্স নির্বাচন

সারা জানুয়ারি ও ফেব্রুয়ারি ধরে, শিক্ষার্থীরা তাদের 2021/2022 শিক্ষাবর্ষের জন্য তাদের কোর্স নির্বাচন করা সম্পন্ন করেছেন। আমরা পরিবারগণকে এই প্রক্রিয়া চলাকালীন আপনাদের সহায়তা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। ৪ম শ্রেণীর ক্লাসসমূহসম্পর্কে প্রশ্ন থাকলে আপনার ভার্চুয়াল স্কুল লার্নিং সেন্টারের (Virtual School Learning Centre) দায়িত্বপ্রাপ্ত ভাইস প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন।

ভার্চুয়াল স্কুলের শিক্ষার্থীগণের জন্য গ্রোসারি কার্ড বা মুদিখানা-পণ্য কার্ড (Grocery Cards for Virtual School Students)

বহু টিডিএসবির পরিবারগণের জন্য খাদ্য সংক্রান্ত অনিশ্চয়তা বিশেষ করে কোভিড-19 চলাকালে একটি বাস্তবতা যা অব্যাহত রয়েছে, এবং টরন্টো ফাউন্ডেশন ফর স্টুডেন্ট সাক্সেস (টিএফএসএস - TFSS) যে সকল শিক্ষার্থীগণের প্রয়োজন রয়েছে তাদের সাহায্য করা চালিয়ে যাচ্ছে এবং 17,000টি $50 এর গিফট কার্ডের অর্থায়ন করেছে ও সেগুলি ভার্চুয়াল ক্লাসের শিক্ষার্থীগণকে ডাকযোগ প্রেরণ করেছে। ফুড ফর কিডস (এফএফকে FFK) উদ্যোগের মাধ্যমে চিহ্নিত শিক্ষার্থীগণ দ্বারা কমিউনিটিগুলোকে এবং যারা নিজেদের প্রয়োজনসমূহকে নিজেরাই চিহ্নিত করেছেন তাদের অগ্রাধিকার প্রদান করা হয়েছে। টিএফএসএস ভার্চুয়াল স্কুলের সাথে সাহায্য প্রদান করা চালিয়ে যাওয়ার জন্য মে মাসের শেষ পর্যন্ত (তহবিল থাকলে) এবং অগ্রাধিকারপ্রাপ্ত কিমিউনিটিগুলোতে গ্রীষ্মকালীন মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীগণকে সাহায্য করা নিশ্চিত করার জন্য কাজ করছে। টিডিএসবির স্কুলসমূহ খোলা থাকাকালীন, টিএফএসএস স্কুলে-উপস্থিত শিক্ষার্থী পুষ্টি কর্মসূচি বা স্টুডেন্ট নিউট্রেশন প্রোগ্রামসমূহকেও সাহায্য করা চালিয়ে যাচ্ছে।

পিতামাতা/পরিচর্যাকারী এবং সমাজ (Parent/Caregiver and Community)
স্বেচ্ছাসেবক সংক্রান্ত প্রক্রিয়া (Volunteer Process)

আমাদের পরিবারগণের মধ্যই অঢেল বিশেষজ্ঞসুলভ অভিজ্ঞতা ও তথ্য-সম্বলিত সম্পদসমূহ রয়েছে। বেশ কিছু পিত-মাতা/অভিভাবকগণ ভার্চুয়াল স্কুলের শ্রেণীকক্ষসমূহে সাহায্য করায় আগ্রহ প্রকাশ করেছেন। ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলেস্বেচ্ছাসেবা করার মতই, শিক্ষার্থীগণের সাথে কাজ করার পূর্বে স্বেচ্ছাসেবকগণের দ্বারা অবশ্যই একটি "অনুমতিপ্রাপ্ত" পুলিস পরীক্ষণ প্রদান করতে হবে। আপনি যদি স্বেচ্ছাসেবা প্রদান করতে আগ্রহী হন, অনুগ্রহ করে এই ফর্মটি সম্পন্ন করুনঃ

পিতা-মাতা/পরিচর্যাকারী এবং কমিউনিটির স্বেচ্ছাসেবকগণ

এই ফর্মটি আপনাকে লার্নিং সেন্টারকে আপনার শিশুর ক্লাশের কোড এবং শিক্ষকের নাম প্রদান করতে বলবে। যদি আপনার কাছে এই তথ্যটি না থাকে, অনুগ্রহ করে আপনার শিশুর শিক্ষককে জিজ্ঞাসা করুন।

এই ফর্মটিতে একটি প্রশ্ন অন্তর্ভুক্ত থাকবে যেখানে পুলিশ রেফারেন্স চেক বা পুলিশ পরীক্ষণ আছে কিনা তা নিশ্চিতকরণ এবং সে সম্পর্কে তথ্য প্রদান করতে বলবে। যদি আবেদনপত্রটির ব্যাপারে আপনার কোনও প্রশ্ন থাকে আপনাকে পুলিশ রেফারেন্স চেক (পিআরসি - PRC) কার্যালয়ে 416-393-0759 নম্বরে যোগাযোগ করতে হবে বা PoliceReferenceCheckOffice@tdsb.on.ca এ ইমেল করতে হবে।

আপনার যদি পিআরসির ব্যয় ($20) পরিশোধ করার জন্য আর্থিক সাহায্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার

ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলেরপ্রিন্সিপ্যালের সাথে ভর্তুকি প্রাপ্তি সম্পর্কে কথা বলুন। অথবা, আপনি পেরেন্ট এন্ড কম্যুনিটি এঙ্গেজমেন্ট অফিস এ 416-397-3529 নম্বরে যোগাযোগ করতে পারেন।

যদি আপনার কোনও প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার লার্নিং সেন্টারের প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন।

জনসমাজ নিযুক্তিঃ (Community Engagement) মিথস্ক্রিয় ওয়েবিনার (Interactive Webinars)

সারা মার্চ মাস ধরে, প্রাথমিক বা এলিমেন্টারী ভার্চুয়াল স্কুলটি পরিবারগণ কমিউনিটির সদস্যদের জন্য ওয়েবিনারসমূহের আয়োজন করেছে, যার মধ্যেনিম্নলিখিত বিষয়সমূহ রয়েছেঃ

- ভার্চুয়াল পৃথিবীতে সন্তান লালনপালন করা (Parenting in a Virtual World): মনোস্তাত্বিকগণ, সমাজ কর্মীগণ এবং স্কুল প্রশাসকগণ দ্বারা পরিচালিত একটি মিথস্ক্রিয় অধিবেশন আয়োজন করা হবে।
- ইন্টারনেট সংক্রান্ত নিরাপত্তা (Internet Safety)ঃ আপনার শিশুকে কিভাবে অনলাইনে নিরাপদ রাখবেন
- কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত (Adolescent Mental Health):

বুধবার 7 এপ্রিল সন্ধ্যা 7টায় আমাদের পরবর্তী মিথস্ক্রিয় ওয়েবিনারে আমাদের সাথে যোগদান করুন যাতে স্ক্রীনটাইম সামলানো, উপকারী অনলাইন সাহায্যপ্রদানকারী টুলসমূহ শনাক্ত করা এবং শিশুদের তাদের অনলাইনের সময়টি সবচেয়ে ভালভাবে ব্যবহার করায় সাহায্য করার বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে।

নেশাগ্রস্ত না ক্ষমতাপ্রাপ্ত (Addicted or Empowered)? আপনার শিশুর অনলাইন শিক্ষণে কিভাবে সাহায্য করতে হবে।

প্যারেন্টটিডিএসবির একাডেমি - এপ্রিলের সময়সূচি (TDSB Parent Academy - April Schedule)

মঙ্গলবার, 30 মার্চ , 2021, সন্ধ্যা 6:30টা

বর্ণবাদ-বিরোধী সংক্রান্তধারাবাহিক বা সিরিজসমূহ (Anti-Racism Series) আমাদের স্কুলে ন্যায্যতার টি দেখতে কেমন

আমাদের স্কুলে ন্যায্যতার রূপ কেমন তা অন্বেষণ করুন; ন্যায্যতা সংক্রান্ত লক্ষ্যসমূহ এবং স্কুলের উন্নতিসাধন সংক্রান্ত পরিকল্পনা সম্পর্কে আলোচনা করুন।

মঙ্গলবার, 27 এপ্রিল, 2021 সন্ধ্যা 6:30টা

ক্ষুদ্রআগ্রাসন বা মাইক্রোআগ্রাশন এবং মানবাধিকার বা হিউম্যান রাইটস লঙ্ঘন কিভাবে সামলাতে হবে

নিপীড়ন সামলানোর কৌশলসমূহ সহ আমরা আলোচনা ক্ষুদ্র-আগ্রাসন এবং মানবাধিকার লঙ্ঘন মোকাবেলা করার উপায়গুলো আলোচনা করবো।

আরো জানুন tsdbHUB.ca এ পেরেন্ট একাডেমিতে।

চলমান পেশাগত শিক্ষণ (Ongoing Professional Learning)

শিক্ষকগণ তাদের জ্ঞান আরও গভীর করার জন্য পেশাগত শিক্ষণে অংশগ্রহণ করা এবং শিক্ষার্থীগণকে অংশগ্রহণ করানোর জন্য ডিজিটাল প্ল্যাটফর্মসমূহ ও পদ্ধতিসমূহ ব্যবহারের অনুশীলন করা এবং গভীর জ্ঞানার্জনের জন্য উন্নতিবিধান করা চালিয়ে যাচ্ছেন।

মার্চের পেশাগত শিক্ষণের কতিপয় উদাহরন নিম্নলিখিত বিষয়সমূহ এবং অধিবেশনসমূহকে অন্তর্ভুক্ত করে:

- পথপ্রদর্শনকৃত পঠন সংক্রান্ত কৌশলসমূহকে প্রাত্যহিক অনুশীলনের সাথে একীভূত করার জন্য উন্নতিসাধন করা
- গুগল এডুকেশন সার্টিফিকেশন (Google Education Certification)এ অংশগ্রহণ করা
- ভার্চুয়াল মেলাসমূহে (Virtual Fairs) অংশগ্রহণ করাঃ অনলাইন টুলসমূহ সংক্রান্ত কর্মসূচিগুলো আবিষ্কার করা এবং শিক্ষার্থীগণের বক্তব্য প্রকাশ করা এবং ডিজিটাল দক্ষতা বর্ধিত করা
- গণিত নেতৃত্বপ্রদানকারী দল (Math Leadership Team)উন্নয়ন বিন্যাস-পরম্পরা ব্যবহার করা এবং গাণিতিক চিন্তা লক্ষ্য করা এবং সবচেয়ে সেরা শিক্ষাদানে সহায়তা প্রদান করার জন্য নামকরণ করা

ভার্চুয়াল স্কুলের কর্মচারীগণের তথ্য-সম্বলিত নির্দেশিকাসমূহ (Virtual Schools Staff Directories)

সহজ তথ্যসূত্র বা রেফারেন্সের জন্য ভার্চুয়াল স্কুলের প্রশাসনিক দলটির তথ্য-সম্বলিত নির্দেশিকাসমূহ নিচে প্রদান করা হলো।

মার্চ 2021

প্রতিটি লার্নিং সেন্টারের (Learning Centre) ভাইস-প্রিন্সিপ্যাল
এবং প্রিন্সিপ্যালগণ শ্রেণীগত ভাবে মনোনীত হয়েছেন।

Learning Centre 1 Virtual Elementary School
Learning Centre 2 Virtual Elementary School
Learning Centre 3 Virtual Elementary School
Learning Centre 4 Virtual Elementary School